শেখ হাসিনার নির্দেশ
জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বন অধিদপ্তর
প্রধান বন সংরক্ষকের কার্যালয়
বন ভবন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

অফিস আদেশ নং- ৫

তারিখঃ ১৫/১০/২০২০ খ্রিঃ।

**অফিস আদেশ**

বিষয়ঃ "হরিণ ও হাতি লালন-পালনে লাইসেন্স ও পজেশন সার্টিফিকেট প্রাপ্তি সহজিকরণ" শীর্ষক কার্যক্রমটি বাস্তবায়ন।

সূত্রঃ মন্ত্রিপরিষদ বিভাগের সেবা পদ্ধতি সহজিকরণের অগ্রগতি ও বাস্তবায়ন পরিকল্পনা বিষয়ক ৪র্থ সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সচিবালয় নির্দেশমালা-২০১৪; অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা-২০১৫ তে সেবা সহজিকরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এবং উদ্ভাবনী কর্মপরিকল্পনায় সেবা সহজীকরণ কার্যক্রম অন্তর্ভূক্ত করা হয়েছে।

বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল এবং এর অধিনস্থ বিভাগসমূহ থেকে হরিণ ও হাতি লালন-পালনের লাইসেন্স ও পজেশন সার্টিফিকেট প্রদান করা হয়ে থাকে। কিন্তু এই লাইসেন্স ও পজেশন সার্টিফিকেট প্রাপ্তির জন্য আবেদনকারীর আবেদন পত্র সংগ্রহ ও জমাদানের জন্য সংশ্লিস্ট অফিসে বারবার উপস্থিত হওয়া, অসম্পূর্ন আবেদন পত্র জমা এবং একাধিক ধাপের ফলে ভোগান্তির কারণে লাইসেন্স ও পজেশন সার্টিফিকেট প্রদানে দীর্ঘসূত্রীতা সৃষ্টি হয়।

এই সেবাকে অধিকতর সহজ এবং স্বল্প সময়ে প্রদানের নিমিত্ত প্রস্তাবিত নতুন প্রসেস ম্যাপ সংযুক্ত করা হলো। এই প্রস্তাবিত প্রসেস ম্যাপ অনুসারে কার্যক্রম গ্রহণ করা হলে লাইসেন্স ও পজেশন সার্টিফিকেট প্রাপ্তির ক্ষেত্রে সময় ও শ্রমের সাশ্রয় হবে।

উক্ত সহজিকরণ কার্যক্রমটি গ্রহণপূর্বক সফলভাবে পাইলট আকারে সম্পাদনের জন্য বন সংরক্ষক, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, ঢাকাকে অনুরোধ করা হলো।

(মোঃ আমীর হোসাইন চৌধুরী)
প্রধান বন সংরক্ষক (চঃদাঃ)
বন অধিদপ্তর।
ফোনঃ ৮১৮১৭৩৭

স্মারক নং- ২২.০১.০০০০.০০২.০২.০০৪.২০.১৭৯


তারিখঃ ১৫/১০/২০২০ খ্রিঃ।

**কার্যার্থে বিতরণঃ**
১। উপ-প্রধান বন সংরক্ষক (সকল) ....................................
2। বন সংরক্ষক,বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, বনভবন,আগারগাঁও, ঢাকা।
৩। গার্ড ফাইল।

**সদয় জ্ঞাতার্থেঃ**
১। সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


(মোঃ আমীর হোসাইন চৌধুরী)
প্রধান বন সংরক্ষক (চঃদাঃ)
বন অধিদপ্তর।
ফোনঃ ৮১৮১৭৩৭।

## বিদ্যমান পদ্ধতির প্রসেস ম্যাপ



শেখ হাসিনার নির্দেশ
জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ।

# প্রস্তাবিত পদ্ধতির প্রসেস ম্যাপ



শেখ হাসিনার নির্দেশ
জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ।

TVC বিশ্লেষণঃ

| ক্ষেত্র | বিদ্যমান পদ্ধতি | প্রস্তাবিত পদ্ধতি |
|---|---|---|
| সময় | ৮৮ দিন | ৩৬ দিন |
| খরচ (নাগরিক+সরকারি ফি) | ৪৭০০০ (৩৫০০০+১২০০০) | ১৭০০০ (৫০০০+১২০০০) |
| সেবা প্রাপ্তির জন্য আবেদনকারীর সংশ্লিষ্ট অফিসে আগমন | ০৫ বার | ০১ বার |
| ধাপ | ১০ | ০৮ |
| সেবাপ্রাপ্তির স্থান | দাপ্তরিক অফিস | অনলাইন |
| দাখিলকৃত কাগজপত্রাদির সংখ্যা | ০৬ | ০৬ |

নতুন সংযোজনঃ

হরিণ ও হাতি লালন-পালন বিধিমালা, ২০১৭ অনুযায়ী সফটওয়্যারের মাধ্যমে ওয়েবপেইজ তৈরি করতে হবে।